কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2019 Q1

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

রাজ্য পুলিশে
৮৬৩২ কনস্টেবল
নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
—পৃঃ ৬

বর্ষ ৪২ সংখ্যা ৬ কলকাতা বুধবার, ১ সেপ্টেম্বর ২০২১/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ১৫ ভাদ্র ১৪২৮ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80

### নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনে

## ১০৭ অ্যাপ্রেন্টিস

ফিটার, টার্নার, ইলেক্ট্রিশিয়ান-সহ আই টি আইয়ের বিভিন্ন ট্রেডে ১০৭ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন অব ইন্ডিয়া। প্রশিক্ষণ দেওয়া হবে রাওয়তভাতা রাজস্থান সাইটে। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর RR Site/HRM/01/2021.

আসনসংখ্যার বিবরণ: ফিটার ৩০টি, টার্নার ৪টি, মেশিনিস্ট ৪টি,

এরপর দুইয়ের পাতায়

## অয়েল ইন্ডিয়ায় ৫৩৫

বিভিন্ন বিভাগে ৫৩৫ জন গ্রেড থ্রি কর্মী নেবে অয়েল ইন্ডিয়া। প্রার্থীদের অসম ও অরুণাচল প্রদেশের বিভিন্ন জেলায় নিয়োগ করা হবে। প্রথমে ১ বছরের প্রবেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর HRAQ/REC-WP-B/2021-06.

**শূন্যপদের বিবরণ: পোস্ট কোড AEL12021:** শূন্যপদ ৩৮টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে ইলেক্ট্রিশিয়ান ট্রেডে ট্রেড সার্টিফিকেট। পাশাপাশি, সরকারি ইলেক্ট্রিক্যাল লাইসেন্সিং বোর্ড কর্তৃক অনুমোদিত ইলেক্ট্রিক্যাল ওয়ার্কম্যানস পারমিট (পার্ট/ক্লাস ওয়ান এবং পার্ট/ক্লাস টু) থাকতে হবে।

**পোস্ট কোড AFI12021:** শূন্যপদ ১৪৪টি (সাধারণ ৬৫, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ১৭, ও বি সি ৩৮, আর্থিক ভাবে অনগ্রসর ১৪)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে ফিটার ট্রেডে ট্রেড সার্টিফিকেট থাকতে হবে।

**পোস্ট কোড AMA12021:** শূন্যপদ ৪২টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে মেকানিক মোটর ভেহিক্যাল ট্রেডে ট্রেড সার্টিফিকেট থাকতে হবে।

**পোস্ট কোড AMC12021:**

এরপর দুইয়ের পাতায়

## প্রতিরক্ষা মন্ত্রকে ৪০০

### সিভিলিয়ান মোটর ড্রাইভার, ক্লিনার, লেবার

বিভিন্ন পদে ৪০০ জন কর্মী নেবে ভারতীয় সেনাবাহিনী। নিয়োগ করা হবে আর্মি সার্ভিস কর সেন্টারের নর্থ ও সাউথ বিভাগের বিভিন্ন স্টেশনে। নিয়োগ করা হবে সিভিলিয়ান মোটর ড্রাইভার, ক্লিনার, কুক, সিভিলিয়ান কেটারিং ইনস্ট্রাক্টর, লেবার এবং মাল্টি টাস্কিং স্টাফ (সাফাইওয়ালা) পদে। শুধুমাত্র পুরুষরা আবেদন করবেন। উল্লেখ্য, গত জুন মাসে প্রকাশিত বিজ্ঞাপন অনুযায়ী যাঁরা সিভিলিয়ান মোটর ড্রাইভার, ক্লিনার, কুক ও সিভিলিয়ান কেটারিং ইনস্ট্রাক্টর পদে আবেদন করেছিলেন, তাঁরা আর আবেদন করবেন না।

**শূন্যপদের বিন্যাস: এ এস সি সেন্টার (নর্থ): সিভিলিয়ান মোটর ড্রাইভার:** শূন্যপদ ১১৫টি (সাধারণ ৫০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২৯, ও বি সি ২২, আর্থিক ভাবে অনগ্রসর ১১)। **শিক্ষাগত যোগ্যতা:**

এরপর সাতের পাতায়

## মেকনে চাকরি

অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার, জুনিয়র ইঞ্জিনিয়ার, ডেপুটি ইঞ্জিনিয়ার, পার্সোন্যাল সেক্রেটারি এবং অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ পদে ৩৬ জনকে নেবে মেকন লিমিটেড। নিয়োগ করা হবে চুক্তিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 11.73.4.1/2021/Cont./01.

**শূন্যপদের বিবরণ: অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (মেটেরিয়াল হ্যান্ডলিং):** ৬টি। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে

এরপর দুইয়ের পাতায়

## সাইয়ে ২২০ অ্যাসিস্ট্যান্ট কোচ

ক্রীড়াক্ষেত্রের বিভিন্ন শাখায় ২২০ জন অ্যাসিস্ট্যান্ট কোচ নেবে স্পোর্টস অথরিটি অব ইন্ডিয়া (সাই)। এটি কেন্দ্রের যুববিষয়ক ও ক্রীড়া মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত সংস্থা। প্রাথমিক ভাবে ৪ বছরের চুক্তিতে প্রার্থীদের নিয়োগ করা হবে।

**ক্রীড়াক্ষেত্র অনুসারে শূন্যপদ:** আর্চারি: ১৩টি। অ্যাথলেটিক্স: ২০টি। বাস্কেটবল: ৬টি। বক্সিং: ১৩টি। সাইক্লিং: ১৩টি। ফেন্সিং: ১৩টি। ফুটবল: ১০টি। জিমন্যাস্টিক্স: ৬টি। হ্যান্ডবল: ৩টি। হকি: ১৩টি। জুডো: ১৩টি। কবাডি: ৫টি। ক্যারাটে: ৪টি। কায়াকিং অ্যান্ড কানোয়িং: ৬টি। খো খো: ২টি। রোয়িং: ১৩টি। সেপাক টাকরো: ৫টি। শুটিং: ৩টি। সফটবল: ১টি। সুইমিং: ৭টি। টেবল টেনিস: ৭টি। তায়কোন্ডো: ৬টি। ভলিবল: ৬টি। ওয়েটলিফটিং: ১৩টি। রেসলিং: ১৩টি। উশু: ৬টি।

**ক্যাটেগরি অনুসারে শূন্যপদ:** সাধারণ ৯০, তফসিলি জাতি ৩৩, তফসিলি উপজাতি ১৬, ও বি সি ৫৯, আর্থিক ভাবে অনগ্রসর ২২।

**শিক্ষাগত যোগ্যতা:** সাই বা এন এস বা এন আই এস বা স্বীকৃত কোনও প্রতিষ্ঠান থেকে কোচিংয়ে ডিপ্লোমা। অথবা, অলিম্পিক বা কোনও আন্তর্জাতিক স্তরের প্রতিযোগিতায় (বিশ্বকাপ/ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ/এশিয়ান গেমস/কমনওয়েলথ গেমস/এশিয়ান চ্যাম্পিয়নশিপ/এশিয়া কাপ) অংশগ্রহণ করে থাকতে হবে। অথবা, দ্রোণাচার্য পুরস্কার পেয়ে থাকতে হবে।

**বয়স:** ১০-১০-২০২১ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে।

**বেতনক্রম:** ৪১,৪২০ -১,১২,৪০০

এরপর সাতের পাতায়

### নিউ ইন্ডিয়া অ্যাশিওরেন্সে

## ৩০০ অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার

৩০০ জন অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার নেবে নিউ ইন্ডিয়া অ্যাশিওরেন্স কোম্পানি। নিয়োগ হবে জেনারেলিস্ট শাখায়। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে। প্রাথমিক ভাবে এক বছরের প্রবেশন, তবে কর্তৃপক্ষ মনে করলে প্রবেশনের মেয়াদ ৬ মাস করে দু'বার বাড়াতে পারে।

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ১২১, তফসিলি জাতি ৪৬, তফসিলি উপজাতি ২২, ও বি সি ৮১, আর্থিক ভাবে অনগ্রসর ৩০। এর মধ্যে ৩টি করে শূন্যপদ দৃষ্টি ও অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য, ৪টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য এবং ৭টি শূন্যপদ বৌদ্ধিক প্রতিবন্ধী বা একাধিক প্রতিবন্ধকতা আছে এমন প্রার্থীদের জন্য সংরক্ষিত।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি বা সমতুল। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা ৫৫ শতাংশ

এরপর সাতের পাতায়

## খাদ্যগুণে ভরপুর মাশরুম উপার্জনের দিশা দেখাচ্ছে

**প্রচুর প্রোটিন ও বিবিধ পুষ্টিগুণে সমৃদ্ধ, সুস্বাদু মাশরুম অনেকেরই প্রিয় সবজি। বাজারে ভালো চাহিদা আছে। মাশরুমের চাষ কঠিন নয়। আবাদি জমি লাগে না, খুব শ্রম দেওয়ারও প্রয়োজন নেই। জরুরি নয় খুব বেশি বিনিয়োগ। তবে, মাশরুম ফলিয়ে বিপণনের ব্যবসায় ভালো উপার্জনের সুযোগ আছে। প্রশিক্ষণ নেওয়া থাকলে কাজটা সহজ হয়। সরকারি-বেসরকারি স্তরে একাধিক প্রতিষ্ঠান এই প্রশিক্ষণ দিয়ে থাকে। এখনই ভর্তি হতে পারেন।**

**নিজস্ব প্রতিনিধি:** করোনার মতো শক্তিশালী ভাইরাসের মোকাবিলা করার জন্য যথেষ্ট পরিমাণে প্রোটিনযুক্ত খাবার খাওয়া প্রয়োজন। ডিম, মাছ, মাংস উন্নত প্রোটিনযুক্ত খাবার। কিন্তু আমাদের দেশে তা কেনা ও নিয়মিত খাওয়ার মতো আর্থিক সামর্থ্য অনেকেরই নেই। আবার অনেকেই নিরামিষাশী, তাঁদের হেঁশেলে আমিষ খাবারের প্রবেশ নিষিদ্ধ। এঁরা সকলেই ডিম ও মাংসের সমতুল প্রোটিন পেতে পারেন মাশরুম থেকে। মাশরুম নিরামিষ সবজি, সেইসঙ্গে সস্তাও। হাই-প্রোটিনযুক্ত হওয়ার পাশাপাশি এতে প্রচুর পরিমাণে ভিটামিন ও খনিজ পদার্থ আছে, আছে হজমে সাহায্যকারী এনজাইম। ফলিক অ্যাসিড থাকায় এটি অ্যানিমিয়া প্রতিরোধে সহায়ক। ডায়াবেটিস এবং শারীরিক স্থূলত্বের সমস্যায় যাঁরা ভুগছেন, তাঁদের জন্যও মাশরুম বেশ উপকারী। খেতে সুস্বাদু, সহজেই হজম হয়।



মাশরুমে অন্যান্য শাকসবজি ও ফলের তুলনায় দ্বিগুণেরও বেশি প্রোটিন থাকায় বর্তমানে সারা পৃথিবীতেই মাশরুমের বিভিন্ন পদ অত্যন্ত জনপ্রিয়। রোগমুক্ত স্বাস্থ্যের জন্য আমাদের দেশেও মাশরুম খাওয়ার প্রচলন অনেকটাই বেড়েছে, যদিও মাশরুম চাষের তেমন প্রসার ঘটেনি এখনও।

বাজারে চাহিদা থাকায় মাশরুম চাষ ও মাশরুমের ব্যবসা অত্যন্ত লাভজনক। সবচেয়ে বড় কথা, মাশরুম চাষের জন্য আবাদি জমির প্রয়োজন নেই। যে-কোনও বয়সের পুরুষ ও মহিলা ঘরে বসেই মাশরুম চাষ করতে পারেন। অন্যান্য সবজির তুলনায় বাজারে এর দাম অনেকটাই বেশি, ফলে লাভের সুযোগও বেশি। অভ্যন্তরীণ বাজার ছাড়াও বিদেশে রপ্তানির সুযোগ রয়েছে।

### কোথায়, কী ভাবে চাষ

গ্রীষ্মকালে যে-কোনও চালাঘরের নীচে এবং বারান্দায় একটু জায়গা থাকলেই মাশরুম চাষ করা যায়। বর্ষাকালে জল প্রবেশ করে না, অথচ বাতাস চলাচলের সুবিধা আছে এমন ঘর আর শীতে ভেজা স্যাঁতসেঁতে অন্ধকার ঘর মাশরুম চাষের জন্য উপযুক্ত। পশ্চিমবঙ্গে গ্রীষ্ম এবং বর্ষাকালে স্ট্র মাশরুম এবং শীতকালে ওয়েস্টার জাতের মাশরুম চাষ বেশ ভালো হয়। বাটন, ওয়েস্টার, স্ট্র, মিল্কি ইত্যাদি যে-কোনও মাশরুমের জন্য পশ্চিমবঙ্গের আবহাওয়া ও জলবায়ু উপযোগী। সব ধরনের মাশরুম চাষেরই পদ্ধতি এক।

### ব্যবসার চালচিত্র

এক বস্তা মাশরুম চাষের জন্য খড়, চুন, কাঠের গুঁড়ো, সিট ইত্যাদি নিয়ে খরচ পড়ে ১৮ থেকে ২৫ টাকা। একটা মাশরুম ব্যাগ চার বার ব্যবহার করা যায়। প্রথম বার হবে এক থেকে দেড় কিলোগ্রাম, তার পরে একটু কমে যায়, প্রায় ৬০০ থেকে ৭০০ গ্রাম। বাজারে দুশো থেকে আড়াইশো গ্রাম মাশরুমের দাম ৫০ থেকে ৬০ টাকা।

মাশরুমে রোগ ও পোকার আক্রমণ অনেকটাই কম হয়। যেহেতু মাশরুম চাষ পরিবেশের কোনও ক্ষতি করে না, তাই সরকারও এই চাষের জন্য কৃষকদের উৎসাহিত করে এবং প্রশিক্ষণ ও ভর্তুকি দেয়।

কম মূলধনে এবং অল্প জায়গাতেই এই ব্যবসাটি শুরু করতে পারেন। ধীরে ধীরে জায়গার পরিমাণ বাড়িয়ে ব্যবসা বড় করাই যায়। প্রথমেই সরাসরি

এরপর দুইয়ের পাতায়

## বিদ্যুৎ উন্নয়ন নিগমে চাকরি

অ্যাসিস্ট্যান্ট মাইনস ম্যানেজার এবং ওভারম্যান পদে ৫৩ জনকে নেবে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম। নিয়োগ করা হবে তিন বছরের চুক্তিতে। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ২১ সেপ্টেম্বর। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: WBPDCL/Recruitment/2021/03.

**শূন্যপদের বিবরণ: অ্যাসিস্ট্যান্ট মাইনস ম্যানেজার:** ৩২টি। শিক্ষাগত যোগ্যতা: মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। এ এম আই ই-রাও আবেদন করতে পারেন। সঙ্গে কোল মাইনস রেগুলেশনস ১৯৫৭/২০১৭ অনুসারে সেকেন্ড ক্লাস ম্যানেজার্স কম্পিটেন্সি সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি কয়লাখনিতে সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১-৮-২০২১ তারিখে ৩৩ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ৬৩,০০০ টাকা।

**ওভারম্যান:** ২১টি। শিক্ষাগত যোগ্যতা: মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা, সঙ্গে কোল মাইনস রেগুলেশনস ১৯৫৭/২০১৭ অনুসারে ওভারম্যানস কম্পিটেন্সি সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি ওপেন কাস্ট খনিতে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১-৮-২০২১ তারিখে ৩৩ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ৪১,০০০ টাকা।

এরপর সাতের পাতায়

## সেন্ট্রাল ইলেক্ট্রোকেমিক্যাল রিসার্চ ইনস্টিটিউটে চাকরি

টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট এবং টেকনিশিয়ান পদে ৫৪ জনকে নেবে সেন্ট্রাল ইলেক্ট্রোকেমিক্যাল রিসার্চ ইনস্টিটিউট। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 02/2021.

**শূন্যপদের বিবরণ: টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট:** ১৯টি। শিক্ষাগত যোগ্যতা: কেমিস্ট্রি, ফিজিক্স, মাইক্রোবায়োলজি, বায়ো-টেকনোলজি, কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজি, হোটেল ম্যানেজমেন্ট, ম্যাথমেটিক্স— এর মধ্যে যে-কোনও একটি বিষয়ে অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বি এসসি পাশ, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট:** ২২টি। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, মেকানিক্যাল, রেফ্রিজারেশন অ্যান্ড এ সি ইঞ্জিনিয়ারিং, সিভিল, কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজি— এর মধ্যে যে-কোনও একটি বিষয়ে অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ৩ বছর (ল্যাটেরাল এন্ট্রির ক্ষেত্রে ২ বছর) মেয়াদের ডিপ্লোমা এবং সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**টেকনিশিয়ান (১):** ১৩টি। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক পাশ, সঙ্গে ইলেক্ট্রিশিয়ান, ওয়্যারম্যান, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং মেকানিক, ফিটার, মেশিনিস্ট, ওয়েল্ডিং, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, কুকারি, ফুড প্রোডাকশন— এর মধ্যে যে-কোনও একটি ট্রেডে আই টি আই কোর্স পাশ অথবা অ্যাপ্রেন্টিস ট্রেনি হিসেবে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

এরপর সাতের পাতায়

# কর্মক্ষেত্র

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন


## কর্মখালি

### জব গ্যারান্টি

গঃ ভঃ R L No-6253 প্রাপ্ত Airport ও ব্যাঙ্কে অষ্টম ও স্নাতক M/F কর্মী নিয়োগ চলছে। বেতন: 17,300/- – 47,500/-, থাকা খাওয়া ফ্রী। M: 62979-47504.

□

### আর্জেন্ট কাজের সুযোগ

পঃ বঃ প্রতিটি জেলায় Pvt. ব্যাঙ্ক, NC, MNC, Pvt. Ltd. Co. ATM ও টাওয়ার Co. Pvt স্বাস্থ্যকেন্দ্র অফিসিয়াল ও অন্যান্য পদে M/F নিয়োগ। বেতন: (12,500/- – 23,700/-), M: 78725-38656.

□

### On Line ফর্ম ফিলাপ চলছে

বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে, 5G Tower-এ (অষ্টম-স্নাতক) M/F কর্মী নিচ্ছে। বেতন: 14,500/- – 48,900/-, PF, ESI, OT-সহ থাকা খাওয়া ফ্রী। M: 97336-68729.

□

### প্রাঃ ব্যাঙ্কে স্থায়ী জব

পঃ বাংলায় বিভিন্ন প্রান্তের প্রাঃ ব্যাঙ্ক DSA-এর জন্য প্রচুর M/F নিয়োগ করানো হচ্ছে। বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে 18-38, এছাড়া অন্যান্য সুযোগ সুবিধা থাকবে। M: 95938-58611.

□

### জেলাভিত্তিক স্থায়ী কাজ

প্রতিটি জেলায় Pvt স্বাস্থ্যকেন্দ্র, ATM, টাওয়ার Co, ফ্যাক্টরি, শপিংমলে কর্মী নিয়োগ। বেতন: (12,500/- – 18,500/-), M. J. S, Kol-9, (M): 90514-56985.

□

### এক ফোনে চাকরি

কোনও ডোনেশন ছাড়াই Airport ও ব্যাঙ্কে M/F অষ্টম-স্নাতক কর্মী চাই। বেতন: 18,300/- – 43,500/-, থাকা খাওয়া ফ্রী। M: 83488-53587.

□

### JOB VACANCY

লাইসেন্স WB/5207 বেতন: 16K-33K বিনা ডোনেশনে Airport ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে SV, চেকিং, PCE, ট্রলিবয়, SG পদে (৮ম-স্নাতক) নিয়োগ। এছাড়া নিজ জেলায় Bank (DSA)-তে স্থায়ী কাজ। MD, দমদম, কলি-74. M: 96745-21804 / 74310-92722.

□

### ফার্মাসিস্টের চাকরি

সরলা হেলথকেয়ার, সরলা ফার্মেসির দমদম শাখার জন্য ফার্মাসিস্ট চাই। যোগাযোগ– ৭০৮৮৮-৭৯৭০৯।

□

**Required expd. M/F Sales Officer** & Sales Representative for marketing of a renowned Agarbati Co. Salary+Incentive. Mobile: 79807-79147 E-mail: roysanjoy.hlr 1974@gmail.com

□

## কর্মখালি

ফিশারী ইন্ডাস্ট্রিতে জনপ্রিয় একটি ব্র্যান্ড, উত্তরবঙ্গ ও আসামের জন্য নিজ বাইক-সহ অভিজ্ঞ Sales Ex./Manager চাই। Salary + TA, DA + Incentive. M: 99034-10008 Mail: corporate.ccr@gmail.com

□

**Bengal School of Technology** invites applications for various posts like Professor, Registrar, Librarian, Lab Assistants etc. Eligible candidates send CV to: principalbst@gmail.com within 10 days.

□

সরাসরি ৭ দিনে চাকরি- গভঃ রেজি নং: 254/01, বেতন: 17,900/- – 39,500/-, উঃ বঙ্গ-সহ 23 জেলায় ক্লার্ক, SV, ইনচার্জ, ASV- ম্যানেজার, পিওন, ব্যাঙ্ক (DSA) ATM টাওয়ার গার্ড Ex আর্মি গানম্যান, মেট্রো এয়ারপোর্ট, জাহাজ বন্দর Co.-তে (ছেলেমেয়ে) সমস্ত সুবিধা। G. C. A, B B N 24 Pgs, Ph: 99335-27495/ 80136-07954. এজেন্ট স্বাগত।

□

### সরাসরি কর্মী নিয়োগ

প্রতিটি জেলায় ATM গার্ড, টাওয়ার Co., নার্সিং হোম, Pvt. Co, শপিংমল কর্মী নিয়োগ চলছে। বেতন: 12,500/- – 18,500/-, থাকা খাওয়ার সুবিধা আছে। M: 90732-45736.

□

### গ্রুপ-D-তে স্থায়ী নিয়োগ

লাইসেন্স 52/WB/077 বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে (৮ম-স্নাতক) SV, ইনচার্জ, Peon, চেকিং পদে M/F চাই। বেতন: 16K-36K, হলদিরাম, VIP Rd, কলি-159. M: 96745-57367 / 94337-48696.

□

### 7 দিনে স্পট জয়েনিং

বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে অষ্টম-স্নাতক M/F কর্মী চাই। বেতন: 17,400/- – 45,300/-, থাকা-খাওয়া ফ্রী। M: 97349-70483.

## স্কুল-কলেজ শিক্ষা

### ফিজিওথেরাপি ট্রেনিং (1/2 বছর)

**Approved by BSS & NSDC Govt. of India** ভর্তি চলছে। চাকরির বিশেষ সুযোগ। Global Technical Institute, বেলেঘাটা-ফুলবাগান: 92315-51285 / 92301-13485.

□

**Tax উকিলের কাছে GST, I. Tax,** P. Tax-সংক্রান্ত কাজ শিখে আয় করুন। 5/59 Dum Dum Road, Kol-30. 84203-68453.

□

**Direct Admission for NIOS - X & XII.** Phone: 87774-84467, and Admission Lower Nursery to XII (Science & Commerce) North Point Day School (CBSE) Dum Dum / Purba Midnapur. Ph: 92318-93222.


## পাঠকের প্রতি

**কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।**


## DISCLAIMER

**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**


# মেকনে চাকরি

*প্রথম পাতার পর*

হবে। বেতন: প্রতি মাসে ৩৮,৫০০ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ (মার্কেটিং):** ৪টি। শিক্ষাগত যোগ্যতা: মার্কেটিংয়ে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ বা ম্যানেজমেন্টে স্নাতকোত্তর ডিপ্লোমা, সঙ্গে মার্কেটিং বা মার্কেট রিসার্চ-সংক্রান্ত কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ৩৮,৫০০ টাকা।

**পার্সোন্যাল সেক্রেটারি:** ৬টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে সেক্রেটারিয়াল সার্ভিস বা ইংলিশ স্টেনোগ্রাফিতে অন্তত ১ বছর মেয়াদের সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে, এম এস অফিস অ্যাপ্লিকেশন ব্যবহারে দক্ষ হতে হবে এবং শর্টহ্যান্ড-টাইপিং জানতে হবে। বয়স: ৩২ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ৩৫,২০০ টাকা।

**জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল):** ৮টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ৩৬,৫০০ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল):** ৫টি। শিক্ষাগত যোগ্যতা: সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ৪ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩৪ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ৩৭,৫০০ টাকা।

**ডেপুটি ইঞ্জিনিয়ার (সিভিল):** ৭টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩২ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ৪৭,০০০ টাকা।

অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.meconlimited.co.in. দরখাস্ত গ্রহণের প্রক্রিয়া এখনও শুরু হয়নি। আগ্রহীরা চোখ রাখুন উপরোক্ত ওয়েবসাইটে।

# অয়েল ইন্ডিয়ায় ৫৩৫

*প্রথম পাতার পর*

শূন্যপদ ১৩টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে মেশিনিস্ট ট্রেডে ট্রেড সার্টিফিকেট থাকতে হবে।

**পোস্ট কোড AMD12021:** শূন্যপদ ৯৭টি (সাধারণ ৪৪, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ১১, ও বি সি ২৬, আর্থিক ভাবে অনগ্রসর ৯)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে মেকানিক ডিজেল ট্রেডে ট্রেড সার্টিফিকেট থাকতে হবে।

**পোস্ট কোড AME12021:** শূন্যপদ ৪০টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে ইলেক্ট্রনিক্স মেকানিক ট্রেডে ট্রেড সার্টিফিকেট থাকতে হবে।

**পোস্ট কোড AOB12021:** শূন্যপদ ৮টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ২)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে ২ বছরের সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে। পাশাপাশি, স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক অনুমোদিত সেকেন্ড ক্লাস বয়লার অ্যাটেন্ড্যান্ট সার্টিফিকেট থাকতে হবে।

**পোস্ট কোড AOT12021:** শূন্যপদ ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে টার্নার ট্রেডে ট্রেড সার্টিফিকেট থাকতে হবে।

**পোস্ট কোড ATC12021:** শূন্যপদ ৮টি (সাধারণ ৬, ও বি সি ২)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে ড্রাফটসম্যান সিভিল ট্রেডে ট্রেড সার্টিফিকেট থাকতে হবে।

**পোস্ট কোড ATI12021:** শূন্যপদ ৮১টি (সাধারণ ৩৮, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৯, ও বি সি ২১, আর্থিক ভাবে অনগ্রসর ৮)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে ইনস্ট্রুমেন্ট মেকানিক ট্রেডে ট্রেড সার্টিফিকেট থাকতে হবে।

**পোস্ট কোড ATO12021:** শূন্যপদ ৪৪টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। **শিক্ষাগত যোগ্যতা:** ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স নিয়ে উচ্চমাধ্যমিক।

**পোস্ট কোড ATS12021:** শূন্যপদ ৫টি (সাধারণ ৪, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে সার্ভেয়র ট্রেডে ট্রেড সার্টিফিকেট থাকতে হবে।

**পোস্ট কোড ATW12021:** শূন্যপদ ৬টি (সাধারণ ৫, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে ওয়েল্ডার ট্রেডে ট্রেড সার্টিফিকেট থাকতে হবে।

**পোস্ট কোড AIT12021:** শূন্যপদ ৫টি (সাধারণ ৪, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে ইনফর্মেশন টেকনোলজি অ্যান্ড ইলেক্ট্রনিক্স সিস্টেম মেইন্টেন্যান্স বা ইনফর্মেশন কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স বা ইনফর্মেশন টেকনোলজি ট্রেডে ট্রেড সার্টিফিকেট থাকতে হবে।

মোট শূন্যপদের মধ্যে ২১টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**বয়স:** ২৩-৯-২০২১ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছর এবং দৈহিক প্রতিবন্ধীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**বেতনক্রম:** ২৬,৬০০-৯০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার ভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সব বিষয়ে: ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড জেনারেল নলেজ/অ্যাওয়্যারনেস এবং অয়েল ইন্ডিয়া সংক্রান্ত বিষয়, রিজনিং, এরিথমেটিক/নিউমেরিক্যাল অ্যান্ড মেন্টাল এবিলিটি, সংশ্লিষ্ট ট্রেড-সংক্রান্ত। সময় ২ ঘণ্টা। কোনও নেগেটিভ মার্কিং নেই।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.oil-india.com. অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৩ সেপ্টেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের পরে ইউজার আইডি ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন।

অনলাইন পদ্ধতিতে ফি বাবদ দিতে হবে ২০০ টাকা (জি এস টি অতিরিক্ত)। তফসিলি, আর্থিক ভাবে অনগ্রসর, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে লাগবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনে ১০৭ অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

ইলেক্ট্রিশিয়ান ৩০টি, ইলেক্ট্রনিক মেকানিক ৩০টি, ওয়েল্ডার ৪টি, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ৫টি।

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ। **বয়স:** ১৩-৯-২০২১ তারিখে ১৪ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা অন্তত ১৩৭ সেমি। ওজন অন্তত ২৫.৪ কেজি। বুকের ছাতি অন্তত ৩.৮ সেন্টিমিটার ফোলাতে পারা চাই।

**স্টাইপেন্ড:** ১ বছর মেয়াদের কোর্সে আই টি আই উত্তীর্ণদের ক্ষেত্রে প্রতি মাসে ৭,৭০০ টাকা এবং ২ বছরের কোর্সে আই টি আই উত্তীর্ণদের ক্ষেত্রে ৮,৮৫৫ টাকা।

এর আগে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে আবেদন করবেন না।

প্রার্থী বাছাই করা হবে আই টি আইয়ে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে।

প্রথমে অ্যাপ্রেন্টিস হিসেবে প্রার্থীকে রেজিস্ট্রেশন করতে হবে এই দুই ওয়েবসাইটের যে-কোনওটির মাধ্যমে: http://www.apprenticeship.org অথবা http://www.apprenticeship.gov.in. এরপর সংশ্লিষ্ট ট্রেডে প্রশিক্ষণের জন্য সংস্থার এস্টাব্লিশমেন্ট রেজিস্ট্রেশন নম্বর: E08160800303. লিখে আবেদন জানাতে হবে। আবেদন করা যাবে সংস্থার এই ওয়েবসাইটের মাধ্যমেও: www.npcilcareers.co.in. আবেদনের শেষ তারিখ ১৩ সেপ্টেম্বর। আবেদনপত্র সাবমিটের পর সাবমিট করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

**আবেদনপত্রের প্রিন্ট আউটের সঙ্গে দেবেন:** ✓প্রার্থীর ৪ কপি পাসপোর্ট মাপের ফটো। ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓পুলিশ ভেরিফিকেশন সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান থেকে পাওয়া ক্যারেক্টার বা কনডাক্ট সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓আধার কার্ডের স্বপ্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদনপত্রের প্রিন্ট আউট ২৭ সেপ্টেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: HR Officer, Nuclear Training Centre, Rawatbhata Rajasthan Site, NPCIL, P.O.-Anushakti, Via-Kota (Rajasthan), Pin- 323303.

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন সংস্থার ওয়েবসাইট।

# খাদ্যগুণে ভরপুর মাশরুম উপার্জনের দিশা দেখাচ্ছে

*প্রথম পাতার পর*

বাজারে বিক্রি না করে, পাড়া-প্রতিবেশী, আত্মীয়-পরিজনদের কাছে বিক্রি করতে পারেন। যেহেতু মাশরুম দিয়ে তৈরি রান্না খেতে সুস্বাদু, তাই বিক্রির সমস্যা হবে না। তবে বাজারের চেয়ে দাম কিছুটা কম রাখলে আপনার ব্যবসা প্রচার পাবে বেশি।

## প্রশিক্ষণ জরুরি

যে-কোনও ব্যবসা করতে গেলেই যথাযথ কর্মপরিকল্পনা নিয়ে এগোনো দরকার। মাশরুম চাষের ক্ষেত্রেও একই কথা। সঠিক ভাবে কাজ পরিচালনা করার জন্য হাতে-কলমে প্রশিক্ষণ নেওয়া জরুরি।

পশ্চিমবঙ্গ স্বরোজগার নিগম লিমিটেড রাজ্যের বিভিন্ন জেলায় স্বামী বিবেকানন্দ স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্পের সদস্যদের দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণের ব্যবস্থা করেছে। পাশাপাশি নরেন্দ্রপুর রামকৃষ্ণ আশ্রমের স্টেট এগ্রিকালচারাল ম্যানেজমেন্ট অ্যান্ড এক্সটেনশন ট্রেনিং ইনস্টিটিউটও প্রশিক্ষণ দিয়ে থাকে। এছাড়া অনেক বেসরকারি সংস্থাও রয়েছে যারা মাশরুম চাষের প্রশিক্ষণ দেয়। এগুলির মধ্যে অন্যতম কলকাতার বৈষ্ণবঘাটা পাটুলির জে এন এন অ্যাগ্রোবায়োটেক। ১৫ বছর ধরে এই সংস্থা মাশরুম উৎপাদন ও বিক্রির সঙ্গে যুক্ত। সংস্থার তরফে অভিষেক বর্মা জানালেন, প্রশিক্ষণ দেওয়ার পাশাপাশি তাঁরা বীজ এবং পরিণত মাশরুম বিক্রি করেন। কেউ চাইলে তাঁদের কাছ থেকে মাশরুম কিনে বিপণনের ব্যবসাও করতে পারেন।

## প্রশিক্ষণের খুঁটিনাটি

জে এন এন অ্যাগ্রোবায়োটেক-এর কর্ণধার অভিষেক বর্মা জানালেন, মাশরুম চাষ করা কোনও শক্ত ব্যাপার নয়। সাধারণ মানুষের মধ্যে, হোটেল-রেস্তোরাঁগুলোতেও মাশরুমের চাহিদা বাড়ছে। বেকার যুবক-যুবতীদের জন্য এটি এই মুহূর্তে অত্যন্ত লাভজনক ব্যবসা।

এই সংস্থায় মাশরুম চাষের প্রশিক্ষণ দেওয়া হয়। মোট ৬টি ক্লাসের কোর্স। চারটি থিওরি ক্লাস ও দু'টি হাতে-কলমে শেখানোর ক্লাস। একেকটি ক্লাসে অন্তত চার জন শিক্ষার্থী থাকেন। প্রশিক্ষণের ফি: ওয়েস্টার ও মিল্কি মাশরুমের জন্য ১,৯৫০ টাকা, বাটন মাশরুমের জন্য ২,২০০ টাকা। এই মূল্যের মধ্যে প্র্যাকটিকাল ক্লাসের সব উপকরণ বাবদ খরচও ধরা থাকে।

শিক্ষাগত যোগ্যতার কোনও বিধিনিষেধ নেই। বছরের যে-কোনও সময় ভর্তি হওয়ার জন্য আবেদন করা যায়। বয়স্ক ও অবসরপ্রাপ্তদের বাড়িতে গিয়েও প্রশিক্ষণ দেওয়ার ব্যবস্থা আছে। কলকাতার বাইরে কোনও গ্রামে বা কোনও সংস্থার আয়োজিত কর্মশালায় গিয়েও প্রশিক্ষণ দেয় এই সংস্থা। সেক্ষেত্রে অন্তত ১০ জনের একটি দল হলে ভালো হয়। যোগাযোগ: ৯০৮৮০-৮৯০৮৫ (ফোন করার সময় সকাল ১০টা থেকে বিকেল ৬টার মধ্যে)।

এই সংস্থার প্রাক্তন ছাত্র প্রদীপ বড়াই জানালেন, 'মাশরুম চাষ করার চিন্তা মাথায় আসে পুরুলিয়া, বাঁকুড়ার প্রত্যন্ত গ্রামে স্কুলের বাচ্চাদের মিড ডে মিলের খাবারের ব্যবস্থা করতে গিয়ে। ডিমের পরিবর্তে সমগুণসম্পন্ন মাশরুম দিয়ে অপুষ্টির সমস্যা মেটানো যায়। তাই পদ্ধতিটা নিজে শেখার জন্য জে এন এন অ্যাগ্রোবায়োটেক সংস্থার কাছ থেকে প্রশিক্ষণ নিই। মাশরুমের চাষ করে বাচ্চাদের মিড ডে মিলে মাশরুম যোগ করতে পেরেছি। আমি নিজের বাড়িতেও চাষ করছি। এছাড়া বাচ্চাদের অভিভাবকদেরও শেখাতে পেরেছি। মাশরুম প্রয়োজনের তুলনায় বেশি হয়ে গেলে কোনও অসুবিধা নেই। শুকিয়ে ফেলতে হবে। পরে, সেটাই কিন্তু রান্না করা যায়। এতে খাদ্যগুণ বা স্বাদ কোনওটাই কমে না। চাষ করা কোনও কঠিন ব্যাপার নয়।'

## কী পড়বেন, কোথায় পড়বেন

### ফুল, ফল, সবজির রপ্তানি ও মশলার ব্যবসার প্রশিক্ষণ



**নিজস্ব প্রতিনিধি:** যে-কোনও ব্যবসা শুরুর জন্যই খুঁটিনাটি বিষয়ে আগাম পরিকল্পনা করা প্রয়োজন। পুঁজি কোথা থেকে পাওয়া যাবে, কাঁচামালের জোগান কোথা থেকে আসবে, পণ্যের বাজার, আইনি বিধিনিষেধ ইত্যাদি জানা থাকলে কাজ অনেক সহজ হয়। সে জন্যই প্রশিক্ষণ থাকা খুব জরুরি।

ফুল, ফল ও সবজির রপ্তানি এবং মশলার ব্যবসার পেশাদারি প্রশিক্ষণ দিচ্ছে এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট (ইডিআই)। সংস্থাটি বেঙ্গল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি এবং পশ্চিমবঙ্গ সরকারের যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত।

ফুল, ফল ও সবজি রপ্তানি ব্যবসার প্রশিক্ষণ কোর্সে পড়ানো হবে উন্নত ও আধুনিক পদ্ধতিতে চাষ বা হার্ভেস্ট টেকনোলজি, বাণিজ্যিক ভাবে ফুল ও ফল উৎপাদন, জাতীয় ও আন্তর্জাতিক স্তরে মার্কেটিং, সরকারি ঋণ, সরকারি প্রকল্প, প্রয়োজনীয় লাইসেন্স ও সার্টিফিকেট পাওয়ার নিয়মকানুন। কোর্সটির নাম এক্সপোর্ট ওরিয়েন্টেড ট্রেনিং ইন ফ্লোরিকালচার, হর্টিকালচার অ্যান্ড অ্যালায়েড বিজনেস। কোর্সের সময়সীমা পাঁচ সপ্তাহ, পড়ার খরচ ৭,৩৮০ টাকা। যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল পাশ।

মশলার ব্যবসার খুঁটিনাটি পড়ানো হবে অ্যাডভান্সড ট্রেনিং অন স্পাইস বিজনেস কোর্সে। দেশে তো বটেই, দেশের বাইরেও ভারতীয় মশলার খুব ভালো বাজার আছে। ভালো মানের মশলা চেনা, মশলার উৎপাদন, বিভিন্ন ধরনের মশলার মিশ্রণ এবং মশলা বাজারজাত করার বিষয়ে শেখানো হবে এই কোর্সে। কোর্সের সময়সীমা দু'মাস। পড়ার মোট খরচ ৫,০২০ টাকা। যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল পাশ।

দুটি কোর্সেই এখন ভর্তি চলেছে। আগে-এলে-আগে-সুযোগ পদ্ধতিতে ভর্তি নেওয়া হবে। ভর্তির জন্য যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট, আই বি-১৯৪, সেক্টর-থ্রি, সল্টলেক, কলকাতা-৭০০ ১০৬। ফোন: ৯০০৭০-৭৭৩৭৫। খুঁটিনাটি তথ্য জানতে দেখতে পারেন এই ওয়েবসাইট: www.edikolkata.org

## রাজ্যে কয়েক হাজার আসনে ১৩টি প্যারামেডিক্যাল কোর্সে ভর্তির প্রবেশিকা ৩ অক্টোবর

প্যারামেডিক্যাল শাখার ১৩টি বিষয়ে ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টি অব ওয়েস্ট বেঙ্গল। কোর্স শুরু হবে ডিসেম্বরে। প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ৩ অক্টোবর।

সরকারি প্রতিষ্ঠানগুলিতে আসনসংখ্যা ১,৪০৫টি। বেসরকারি প্রতিষ্ঠানের আসনসংখ্যা এখনও প্রকাশিত হয়নি।

পড়ানো হবে এই সব বিষয়ে: (১) মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি, (২) রেডিওগ্রাফি (ডায়াগনস্টিক্স), (৩) ফিজিওথেরাপি, (৪) রেডিওথেরাপিউটিক টেকনোলজি, (৫) অপ্টোমেট্রি উইথ অপথ্যালমিক টেকনিক, (৬) নিউরোইলেক্ট্রো ফিজিওলজি, (৭) পারফিউশন টেকনোলজি, (৮) ক্যাথ-ল্যাব টেকনিশিয়ান, (৯) ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি, (১০) ডায়ালিসিস টেকনিক, (১১) অপারেশন থিয়েটার টেকনোলজি, (১২) ডায়াবিটিস কেয়ার টেকনোলজি এবং (১৩) ইলেক্ট্রোকার্ডিওগ্রাফিক টেকনিক।

শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি-সহ উচ্চমাধ্যমিক পাশ। বয়স: ১-১২-২০২১ তারিখে অন্তত ১৭ বছরের হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন-অফলাইন প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। এস এম এফ ডব্লু বি জে ই ই (স্টেট মেডিকেল ফ্যাকাল্টি অব ওয়েস্ট বেঙ্গল এন্ট্রান্স এক্সামিনেশন)-২০২১ পরীক্ষা নেওয়া হবে ৩ অক্টোবর, দুপুর ১টা থেকে ২টো পর্যন্ত। পরীক্ষার অ্যাডমিট কার্ড পাওয়া যাবে ২৭ সেপ্টেম্বর থেকে। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি বিষয়ে। নেগেটিভ মার্কিং নেই।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://smfwb.in আবেদনের শেষ তারিখ ১০ সেপ্টেম্বর। আবেদনের সময় প্রার্থীর রঙিন ফটো (১০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), সই (১০ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে), উচ্চমাধ্যমিকে মার্কশিটের প্রত্যয়িত নকল, অ্যাডমিট কার্ডের প্রত্যয়িত নকল, কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে), দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে) আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ৫০০ টাকা। ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করে পাওয়া কনফার্মেশন পেজের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# চিকিৎসা সামগ্রী বিপণন ও বিমা সংক্রান্ত প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** বিজনেস ট্রেনিং অন মেডিক্যাল গুডস সেলিং, মেডিক্যাল রিপ্রেজেন্টেটিভ ও ক্লেম সেটলার— এই তিনটি বিষয়ে পৃথক ভাবে প্রশিক্ষণ দেবেন সোমনাথ দাশ। বিভিন্ন হাসপাতাল ও স্টোরে মেডিক্যাল ও সার্জিক্যাল সামগ্রী জোগান দেয় তাঁর সংস্থা 'শম্পা দাশ'। স্যামসন, হিকস ফ্রেমিংগো, বেঙ্গল সার্জিক্যাল, রমসন ইত্যাদি কোম্পানির অথরাইজড ডিস্ট্রিবিউটর এই সংস্থা।



### বিজনেস ট্রেনিং অন মেডিক্যাল গুডস সেলিং

এই কোর্সের ক্লাস হবে সপ্তাহে ২ দিন, অনলাইনে। মোট ক্লাস ৮টি। কোর্স ফি ৫০০ টাকা। কোর্স শুরু হবে ২১ সেপ্টেম্বর। এছাড়াও এই কোর্সের নতুন ব্যাচ প্রতি মাসের ১০ তারিখ শুরু হবে।

### মেডিক্যাল রিপ্রেজেন্টেটিভ

কোর্সের মেয়াদ ৩ মাস, ক্লাস সপ্তাহে ২ দিন অনলাইনে। কোর্সের শেষে ইন্টার্নশিপে পাঠানো হবে। কোর্স ফি ৩,০০০ টাকা। কিস্তিতে ফি দেওয়া যাবে। কোর্স শুরু ১৯ সেপ্টেম্বর। এই কোর্সের নতুন ব্যাচ প্রতি মাসের ২০ তারিখ শুরু হবে।

### ক্লেম সেটলার

এই কোর্সটি সম্পূর্ণ নতুন, কিন্তু অত্যন্ত সম্ভাবনাময়। কোর্সটি বিমা সংস্থার কাজের সঙ্গে যুক্ত।

এই কোর্স করলে কাজের সুযোগ আছে হাসপাতাল, বিমা সংস্থা, লোকপাল সংস্থার টি পি এ, ব্যাঙ্ক প্রভৃতি সংস্থায়। এছাড়া ইনশিওরেন্স রেগুলেটরি ডেভেলপমেন্ট অথরিটির (আইআরডিএ) লাইসেন্স নিয়ে স্বাধীন ব্যবসাও করা সম্ভব। আইআরডিএ-র লাইসেন্স পেতে সংস্থার পক্ষ থেকে প্রার্থীদের সাহায্য করা হবে।

কোর্সের মেয়াদ ৩ মাস। কোর্স ফি ২,০০০ টাকা। কিস্তিতে ফি দেওয়া যাবে। কোর্স শুরু ১৬ সেপ্টেম্বর। এই কোর্সের নতুন ব্যাচ প্রতি মাসের ৮ তারিখ শুরু হবে।

**বিস্তারিত জানতে ফোন করুন এই নম্বরে:** ৯৩৭৮২-২৩০৩৯, ৭০৭৪৭-১৫৯৬৯, ৯৬০৯৩-২৭০৭৭। প্রয়োজনে ই-মেল করতে পারেন এই আই ডিতে: dass686@gmail.com.

## ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজমের ম্যানেজমেন্ট কোর্স



**নিজস্ব প্রতিনিধি:** অতিমারির জেরে পর্যটন শিল্পে সাময়িক মন্দা দেখা দিলেও, করোনার প্রকোপ কমা এবং লকডাউনের কড়াকড়ি শিথিল হতেই এই শিল্প ক্রমশ ঘুরে দাঁড়াচ্ছে। পর্যটন কেন্দ্রগুলিতে চোখে পড়ার মতো ভিড় দেখা যাচ্ছে আবার। কোভিড সংক্রান্ত নিয়ম মেনে হোটেল খোলা থাকছে। বিমান, রেল ও সড়কপথও ক্রমশ খুলছে। ফলে যাঁরা এই পেশায় আসবেন ভেবেছিলেন, তাঁরা নতুন করে প্রস্তুতি শুরু করতে পারেন।

ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজমের অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্স পড়া যাচ্ছে এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটে (ইডিআই)। নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যৌথ উদ্যোগে এই কোর্সটি পড়ানো হয়। এক বছরের কোর্স। পড়ার খরচ ১৬,২০০ টাকা। যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক।

পাঠ্যক্রমের অন্তর্ভুক্ত বিষয়: অন্ত্রেপ্রেনিওরশিপ ডেভেলপমেন্ট, অ্যাকাউন্টিং অ্যান্ড লিগাল অ্যাসপেক্টস অব ট্যুরিজম, ট্যুরিজম বিজনেস অ্যান্ড অপারেশনস, বিজনেস কমিউনিকেশন প্রোজেক্ট তৈরি ইত্যাদি।

ইডিআইয়ের এই প্রশিক্ষণ কোর্সে এখন ভর্তি চলেছে। আগে-এলে-আগে-সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে। যোগাযোগ: এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট, আই বি-১৯৪, সেক্টর-থ্রি, সল্টলেক, কলকাতা-১০৬। ফোন: ৯০০৭০-৭৭৩৭৫। ওয়েবসাইট: www.edikolkata.org

### ফল বেরোল

**ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক** গত ১৮ জুলাই আয়োজিত 'ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস (প্রিলিমিনারি) এক্সামিনেশন, ২০২১'-এর ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: www.upsc.gov.in নির্বাচিত প্রার্থীদের মেন এক্সামিনেশন হবে ২১ নভেম্বর। পরীক্ষার তিন সপ্তাহ আগে থেকে প্রার্থীরা ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন উপরোক্ত ওয়েবসাইটের মাধ্যমে। বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট। অথবা ফোন করতে পারেন এই নম্বরে: (০১১) ২৩০৮৮০৮৮/১১২৫/৫২৭১।


CHITTARANJAN NATIONAL CANCER INSTITUTE
37, S.P. Mukherjee Road,
Kolkata - 700026

CORRIGENDUM

In continuation to **Advt No N/001/2021**, the Institute has updated the categories of the post mentioned therein. For details, please visit Website **www.cnci.ac.in** and rest of the matter remain same.

Director

3 STAR (★★★) RATED ITI
বর্ধমান এ.পি.সি. রায়
সরকারি ITI
ভর্তি চলিতেছে
UNDER NCVT GOVT. OF INDIA
AFFILIATED BY DGT & WBSCVT
সার্ভেয়ার | ইলেকট্রিসিয়ান | ফিটার
• PLACEMENT SUPPORT
• STUDENT CREDIT CARD
• STUDENT SCHOLARSHIP
• RAILWAY CONCESSION
9332006808 / 9775727924
www.apcroyiti.com

facebook.com/subhartiuni
www.subharti.org
SWAMI VIVEKANAND SUBHARTI UNIVERSITY Meerut
UGC Approved
Where Education is a Passion...
NAAC A
ADMISSION OPEN - Apply now for session 2021-22 at www.subharti.org

GOOD NEWS
SUBHARTI UNIVERSITY IS NOW LISTED IN
WEST BENGAL STUDENT CREDIT CARD SCHEME

ACTIVITIES OF TRAINING & PLACEMENT CELL
• Industrial Visits • Career Guidance
• Pre-placement Counselling
• Personality Development framework
• Group Discussions with Interview Skills Development Sessions
• Management Development Programmes / Seminars / Workshops

Follow us on
/subhartiuni
/subhartiofficia



UNIVERSITY OFFERS MORE THAN 220+ PROFESSIONAL PROGRAMMES
ENGINEERING | MANAGEMENT | HOTEL MANAGEMENT | LAW | POLYTECHNIC | SCIENCE
PARAMEDICAL | NURSING | PHARMACY | FINE ARTS & FASHION DESIGN | PHYSIOTHERAPY |
JOURNALISM & MASS COMM. | EDUCATION | PHYSICAL EDUCATION | NATUROPATHY & YOGIC SCIENCES | HOME SCIENCE | LIBRARY & INFORMATION SCIENCES | BUDDHIST STUDIES

ACADEMIC COLLABORATIONS
Beehive College · Dehradun
RAS BIHARI BOSE SUBHARTI UNIVERSITY

CONTACT FOR ADMISSION
9639841122, 9045954345, 9639011202
Subhartipuram, NH-58, Delhi-Haridwar Bypass Road, Meerut.

**#EDUCATIONBEYONDORDINARY**

**30** INSTITUTIONS | **140** PROGRAMMES | **37000+** STUDENTS

JIS GROUP
Educational Initiatives

# STEP OUT INTO THE WORLD
# With WORLD-CLASS EDUCATION

AVAIL WEST BENGAL
## STUDENT CREDIT CARD SCHEME
*For Details Contact Our Institutes*

# ADMISSIONS
# - OPEN 2021 -

**APPLY NOW**
www.jisgroup.org

## COURSES OFFERED

**ENGINEERING & TECHNOLOGY**
Ph.D | M.Tech | B.Tech | B.Tech Lateral | Diploma | Diploma Lateral

**COMPUTER APPLICATION**
MCA | BCA

**PHARMACY**
Ph.D | M.Pharm | B.Pharm | B.Pharm Lateral | BMLT | D.Pharm

**MANAGEMENT**
MBA | BBA- Hospital Management | BBA- Digital Marketing

**LAW**
Ph.D | LLM | LLB | BBA-LLB Integrated

**SCIENCE**
Ph.D | M.Sc- Physics | Biochemistry | Microbiology | Biotechnology | Geology | Remote Sensing & GIS | Genetics | Medical Biotechnology & Bioinformatics | Polymer Science & Technology
B.Sc (H)- Biochemistry | Microbiology | Biotechnology | Geology | Genetics

**AGRICULTURAL SCIENCE**
B.Tech (4 Years) | B.Sc (H) (4 Years) [As per ICAR Syllabus]

**HOSPITALITY & HOTEL ADMINISTRATION**
MBA | B.Sc | BA | Diploma

**EDUCATION**
Ph.D | MA | B.Ed

## OUR INSTITUTIONS

**JIS University**
86977 43361/62 | www.jisuniversity.ac.in

**JIS Institute of Advanced Studies & Research**
98743 75544 | www.jisiasr.org

**JIS College of Engineering**
86977 43363 | www.jiscollege.ac.in

**Narula Institute of Technology**
89024 96651 | www.nit.ac.in

**Guru Nanak Institute of Technology**
94320 12681 | www.gnit.ac.in

**Sur Tech** *(Dr. Sudhir Chandra Sur Institute of Technology & Sports Complex)*
890249 6652 | www.surtech.edu.in

**Guru Nanak Institute of Pharmaceutical Science & Technology**
89024 96653 | www.gnipst.ac.in

**JIS School of Polytechnic**
82407 66831 | www.jissp.ac.in

**Guru Nanak Institute of Hotel Management**
98361 06964 | www.gnihm.ac.in

**Greater Kolkata College of Engineering and Management (JV)**
90736 83914/15 | www.gkcem.ac.in

**Abacus Institute of Engineering and Management (JV)**
90736 83913 | www.abacusinstitute.org

**Asansol Engineering College (JV)**
90736 83912 | www.aecwb.edu.in

**Gargi Memorial Institute of Technology. (JV)**
83369 42309 | www.gmitkolkata.org

up to **100%*** SCHOLARSHIP AVAILABLE
*T&C Apply

**89%** Placement in 2020

**267+** Recruiters

**HELPDESK**
86977 43361
90736 83911

7 Sarat Bose Road, Kolkata - 700 020

jobindiagroup.com





স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। **প্রধান সম্পাদক:** অমরেন্দ্র চক্রবর্তী **সম্পাদক:** মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in